



বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্নাতক শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

২০১৪ - ২০১৫ শিক্ষাবর্ষ

Website for Online Application: www.buet.ac.bd

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের বিভিন্ন বিভাগে স্নাতক শ্রেণীতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল ছাত্র-ছাত্রী ২০১১ বা ২০১২ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৪ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, অথবা ২০১১ সালে মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় এবং ২০১৩ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কিন্তু উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষার সংশোধিত ফলাফল ৩০ সেপ্টেম্বর ২০১৩ তারিখের পরে শিক্ষা বোর্ড থেকে প্রকাশিত হয়েছে, অথবা ২০১০ সালের নভেম্বর বা তার পরে GCE "O" লেভেল এবং ২০১৩ সালের নভেম্বর বা তার পরে GCE "A" লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে, অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে শুধুমাত্র তারাই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে। যে সকল ছাত্র-ছাত্রী ইতিপূর্বে এই বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে তারা এই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

[ক] প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন বিষয়সমূহের প্রতিটিতে জিপি ৫.০০ পেয়ে এবং ইংরেজী ও বাংলায় মোট জিপি ন্যূনতম ৯.০০ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

সকল সঠিক আবেদনকারীর মধ্য হতে নিম্নে উল্লেখিত নির্ধারিত মানের ভিত্তিতে বাছাই করে প্রথম থেকে ৮৫০০তম সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে। এই বাছাইয়ের জন্য যথাক্রমে আবেদনকারীর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ইংরেজীতে প্রাপ্ত জিপি, বাংলায় প্রাপ্ত জিপি, মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ (অতিরিক্ত বিষয় ব্যতীত)-কে অগ্রাধিকারের ক্রম হিসাবে বিবেচনা করা হবে।

[খ] GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল পাশ করা প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE "O" লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয় (গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজি সহ) এর প্রতিটিতে কমপক্ষে B গ্রেড এবং GCE "A" লেভেল পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান ও রসায়ন এই তিন বিষয়ের প্রতিটিতে কমপক্ষে A গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE "O" লেভেল এবং GCE "A" লেভেল সার্টিফিকেট প্রাপ্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

[গ] ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত সকল সঠিক আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

“ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য আবেদনকারীদের তালিকা” বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে (www.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

২। আসন সংখ্যা

পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠী প্রার্থীদের জন্য ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি এবং স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ সর্বমোট আসন সংখ্যা ১০০০ টি।

৩। আবেদন করার নিয়ম

ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলী (Prospectus) বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.buet.ac.bd)-এ পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা মোতাবেক অনলাইনে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ করে Submit করতে হবে। Submit করা শেষে একটি Application Serial No. প্রদান করা হবে এবং পরবর্তীতে এই নম্বরের বিপরীতে টেলিটক প্রিপেইড মোবাইল দিয়ে SMS এর মাধ্যমে আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি জমা দিতে হবে। প্রতিটি গ্রুপের জন্য প্রদেয় ফি-এর পরিমাণ নীচের ছকে উল্লেখ করা হল:

গ্রুপ	বিভাগ	আবেদন ও ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি
“ক”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৮৭০০/- (টাকা সাতশ মাত্র)
“খ”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৮৮০০/- (টাকা আটশ মাত্র)

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ফরম কেবলমাত্র অনলাইনে পূরণ করা যাবে এবং আবেদন ফি টেলিটক প্রিপেইড মোবাইল দিয়ে SMS-এর মাধ্যমে প্রদানযোগ্য হবে। আবেদনের ফরম অনলাইনে পূরণ সংক্রান্ত যে কোন সহযোগিতার জন্য এই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় শুক্রবার ব্যতীত যে কোন দিন যোগাযোগ করা যাবে।

৪। আবেদনপত্র গ্রহণ, ভর্তি পরীক্ষা ইত্যাদির তারিখ ও সময়সূচী

১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শুরু	১৪ অক্টোবর ২০১৪, মঙ্গলবার, সকাল ১০:০০ টা
২। অনলাইনে আবেদনপত্র পূরণ ও submission শেষ	২২ অক্টোবর ২০১৪, বুধবার, বিকাল ৪:৩০ মিনিট
৩। SMS এর মাধ্যমে আবেদন ফি প্রদান শেষ	২৩ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার, বিকাল ৪:৩০ মিনিট
৪। E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সরাসরি রেজিস্ট্রার অফিসের ভর্তি শাখায় জমা দেয়া *	১৪ অক্টোবর ২০১৪, মঙ্গলবার হতে ২৩ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার (শুক্রবার ব্যতীত) সকাল ১০:০০ টা - বিকাল ৪:৩০ মিনিট
৫। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	৩০ অক্টোবর ২০১৪, বৃহস্পতিবার
৬। ভর্তি পরীক্ষা	২২ নভেম্বর ২০১৪, শনিবার
৭। ভর্তির জন্য নির্বাচিত ও অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	১৩ ডিসেম্বর ২০১৪, শনিবার

* E, T, S, R চিহ্নিত আবেদনপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ওয়েবসাইটে প্রদত্ত “স্নাতক শ্রেণীতে ভর্তির তথ্যাবলী” তে দেয়া আছে।

বিশেষ দৃষ্টব্যঃ

- ২২ অক্টোবর ২০১৪, বুধবার, বিকাল ৪:৩০ মিনিটের পর অনলাইনে আবেদনপত্র পূরণ শুরু করা যাবে না এবং বিকাল ৫:৩০ মিনিটে অনলাইনে আবেদনের সার্ভার বন্ধ হয়ে যাবে; এর পর অনলাইনে কোন আবেদনপত্র submit করা যাবে না।
- মডিউল A এবং মডিউল B এর প্রতিটি বিষয়ের সকল প্রশ্ন ও মূল্যায়ন প্রচলিত পদ্ধতিতে করা হবে। কোন বিষয়ে MCQ Type প্রশ্ন থাকবে না।